ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
********

<u>স-৩৬১০</u>

আগরতলা, ৬ নভেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ২ নভেম্বর, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘ছৈলেংটা বাজারে শৌচালয় অব্যবস্থায় সমস্যায় পড়ছেন মানুষ’ শিরোনামে প্রকাশিত সংবাদটি মনু ব্লকের দৃষ্টিগোচর হয়েছে। এ বিষয়ে মনু ব্লকের বিডিও এক স্পষ্টিকরণে জানিয়েছেন যে, ছৈলেংটা বাজারে মাছের দোকানের কাছে একটি কার্যকরী কমিউনিটি স্যানিটারী কমপ্লেক্স রয়েছে। এই কমিউনিটি স্যানিটারী কমপ্লেক্সটি চলতি বছরের সেপ্টেম্বরে স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) এবং পঞ্চদশ অর্থ কমিশনের টাইড গ্র্যান্টের তহবিল থেকে কনভারজেন্স মোডে নির্মাণ করা হয়েছিল। সুতরাং ছৈলেংটা বাজার এলাকায় কোন স্যানিটারী টয়লেট নেই এই বক্তব্য সম্পূর্ণ অসত্য। ছৈলেংটা মোটরস্ট্যান্ডে আরও একটি কমিউনিটি টয়লেটের নির্মাণের কাজ চলছে। আশা করা যাচ্ছে আগামী ৩ মাসের মধ্যে এই টয়লেট নির্মাণের কাজটি সম্পন্ন হবে। এই টয়লেট নির্মাণের জন্য পঞ্চদশ অর্থ কমিশনের টাউড ফান্ড থেকে মনু আর ডি বিভাগের এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ারের কাছে ২০ লক্ষ টাকা হস্তান্তর করা হয়েছে।

*******